দৈনিক সংবাদ

১৭/৯/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১২... কলাম ... ৫ ......

# আজ মহান শিক্ষা দিবস

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ ১৭ই সেপ্টেম্বর মহান শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে তৎকালীন পাকিস্তানের সামরিক সরকারের শিক্ষা কমিশনের রিপোর্ট বাতিলের দাবিতে ছাত্রসমাজ বিক্ষোভে ফেটে পড়ে। ঢাকায় ছাত্রদের বিক্ষোভ মিছিলে পুলিশের গুলিবর্ষণে বহু হতাহতের ঘটনা ঘটে।

এই ঘটনার পর পাক স্বৈরশাসকের বিরুদ্ধে সারাদেশে ছাত্র আন্দোলন ছড়িয়ে পড়ে। এ আন্দোলনেই পরবর্তীকালে ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন ও ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানকে ত্বরান্বিত করে।

এ উপলক্ষে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সংসদের উদ্যোগে মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়েছে। আজ সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে একটি মিছিল শুরু হয়ে তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা উপদেষ্টার কাছে স্মারকলিপি পেশ করার মধ্য দিয়ে কর্মসূচি শেষ হবে।

বাংলাদেশ ছাত্র ফেডারেশন আজ জাতীয় প্রেসক্লাবের সামনে আগামী বছর জানুয়ারিতেই স্কুল পাঠ্যবইয়ের নিশ্চয়তা প্রদান, গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা প্রচলন, সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন এবং দশম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বইয়ের দাবিতে সমাবেশ ও মিছিল করবে।